

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd  
ই-মেইল: office@ntrca.gov.bd



স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২০. ২২৭৩

তারিখ: ২০ ডিসেম্বর, ২০২০ খ্রি.

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে মতামত প্রেরণ।

সূত্র: ৩৭.০০.০০০০.০৮৭.১২.০৭৭.২০-১৭৫, তারিখ: ১১ নভেম্বর, ২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেক্ষিতে এনটিআরসিএ'র রক্ষিত ১ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০০৫ এর ফলাফল বই অনুযায়ী উল্লিখিত প্রভাষক (হিসাব বিজ্ঞান) জনাব মোসাঃ আলছানিয়া এর শিক্ষক নিবন্ধন সনদটির বিষয়ে অধিকতর যাচাই করা হয়েছে। উক্ত ফলাফল বইয়ে দেখা যায় যে, রোল নম্বর ৬৫৮০৩৩৮ এ দু'জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন। তন্মধ্যে রোল নম্বর ৬৫৮০৩৩৮ক উল্লিখিত প্রার্থী জনাব মোসাঃ আলছানিয়া, পিতা- মোঃ আলতাফ হোসেন নামে পাওয়া যায়, যার রেজি. নং ০৫৪১৪৬৬৪ উল্লেখ আছে। যাচাইয়াত্তে প্রতিবেদন নিম্নরূপ:

ক্রমিক নং	নাম ও পিতার নাম	রোল, রেজিঃ, সন ও পরীক্ষা নং	পদ	বিষয়	এনটিআরসিএ'র মন্তব্য
১.	নাম- মোসাঃ আলছানিয়া পিতা- মোঃ আলতাফ হোসেন	৬৫৮০৩৩৮(ক) ০৫৪১৪৬৬৪/২০০৫ ১ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০০৫	প্রভাষক	হিসাব বিজ্ঞান	সনদটি যাচাই শেষে সঠিক পাওয়া গেল।

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পরিদর্শন প্রতিবেদনে প্রভাষক (হিসাব বিজ্ঞান) মোসাঃ আলছানিয়া এর শিক্ষক নিবন্ধন “সনদটি সঠিক নয়” এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিবেদনে “সনদটি সঠিক” মর্মে উল্লেখ করার বিষয়ে এ কার্যালয়ের বক্তব্য নিম্নরূপ:

পূর্বে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের ২৫.১০.২০১৬ তারিখের ডিআইএ/খুলনা/৫০১ সি/খুলনাঃ১০৬৯ সংখ্যক স্মারকমূলে যখন জনাব মোসাঃ আলছানিয়া এর উক্ত শিক্ষক নিবন্ধন সনদটি যাচাইয়ের জন্য এ কার্যালয়ে প্রেরণ করা হয় তখন তার নিবন্ধন সনদপত্রে ৬৫৮০৩৩৮ রোল নম্বরের সাথে “ক” না থাকায় যাচাইকালে অন্য ব্যক্তির (৬৫৮০৩৩৮ রোল নম্বরধারী) তথ্যের সঙ্গে সাংঘর্ষিক হওয়ায় “সনদটি সঠিক নয়” মর্মে এ কার্যালয় থেকে প্রতিবেদন দেয়া হয় (সংযুক্তি: ১)।

এ প্রেক্ষিতে জনাব মোসাঃ আলছানিয়া এ কার্যালয়ে এসে তার নিকট থাকা উক্ত নিবন্ধন পরীক্ষার প্রবেশপত্রসহ অন্যান্য কাগজপত্রসমূহ প্রদর্শন করেন এবং সনদ সংশোধনের জন্য আবেদন করেন। পরবর্তীতে অধিকতর যাচাই করে তার সনদ সংশোধন করার পর পুনরায় যাচাইয়ের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক এ কার্যালয়ে প্রেরণ করলে “সনদটি সঠিক” মর্মে এ কার্যালয় থেকে প্রতিবেদন দেয়া হয় (সংযুক্তি: ২, ৩ ও ৪)।

প্রাপক:

সচিব  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃ. আ. উপসচিব, অভ্যন্তরীণ নিরীক্ষা  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আকরাম হোসেন)

চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)

এনটিআরসিএ, ঢাকা

chairman@ntrca.gov.bd

☎: ০২-৪১০৩০০৪৩